

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১৫, ঢাকা
www.taxeszone15.dhaka.gov.bd
“রিজ আহমেদ স্কয়ার” (৮ম তলা), ৫০/১, নয়াপল্টন,
ভি.আই.পি রোড, ঢাকা।

অধিক্ষেত্র আদেশ

১। কর অঞ্চলের নাম

কর অঞ্চল-১৫, ঢাকা।

২। অধিক্ষেত্র

কোম্পানী অধিক্ষেত্রঃ

১। ঢাকা সিভিল জেলায় প্রধান কার্যালয় অবস্থিত যেসব লিমিটেড কোম্পানীর নাম ইংরেজী বর্ণমালার F, J দ্বারা আরম্ভ এরূপ কোম্পানী ও তাহার পরিচালক বৃন্দের কর মামলা।

২। ঢাকা সিভিল জেলার প্রধান কার্যালয় অবস্থিত কোম্পানীর পর্যায়ভুক্ত ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার, সাইবার ক্যাফে, ইন্টারনেট ব্রডব্যান্ড সার্ভিস প্রোভাইডার, কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ আমদানী কারক, স্থানীয় বিক্রেতা, সফটওয়্যার ডেভলপার, কম্পিউটার প্রশিক্ষন প্রতিষ্ঠান ও উহাদের পরিচালকবৃন্দের কর মামলাসমূহ।

৩। IGW ও ই-কমার্স অধিক্ষেত্রঃ

আন্তর্জাতিক ফোন কলের সাথে যুক্ত International Gate Way (IGW) সার্ভিস অপারেটর কোম্পানীসমূহ এবং ই-কমার্স সংশ্লিষ্ট কোম্পানীসমূহ।

৪। স্থানীয় অধিক্ষেত্রঃ

ঢাকা দক্ষিন সিটি কর্পোরেশনের ওয়ার্ড নং-৮,৯,১০,১১,১৩,৩৯,
(সাবেক-৩১,৩২,৩৩,৩৪,৩৬,৭৫) এর আংশিক।

৫। বৈতনিক অধিক্ষেত্রঃ

সকল সরকারী ব্যাংক সমূহে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কর মামলাসমূহ।

৩। ঠিকানা

কর কমিশনার কার্যালয়, কর অঞ্চল-১৫, রিজ আহমেদ স্কয়ার, ৫০/১ ভি.আই.পি রোড,
নয়া পল্টন, ঢাকা।

৪। রাজস্ব আদায়ের মূল উৎস

: আয়কর নথি হইতে এবং নিম্নোক্ত খাতের উপর উৎসে কর কর্তন হইতে আদায়।

ক। আন্তর্জাতিক ফোন কলের উপর (১০৮ ধারায়) ধারায় উৎসে কর্তন।

খ। সি এন্ড এফ কমিশনের উপর (১২২ ধারায়) উৎসে কর্তন।

গ। জমি হুকুম দখলের উপর (১১১) ধারায় উৎসে কর্তন।

ঘ। জমি, প্লান্ট, মেশিনারী ভাড়ার উপর (বিলুপ্ত) উৎসে কর্তন।

ঙ। কোম্পানীসমূহ কর্তৃক উৎসে কর কর্তন সংগ্রহ।

সম্মানিত করদাতা/সেবা গ্রহণকারীদের জ্ঞাতব্য বিষয়

১. ঘোষিত আয়ের ভিত্তিতে কর পরিশোধ করা প্রত্যেক করদাতার নাগরিক দায়িত্ব।
২. আয়কর রিটার্ন প্রস্তুত এবং তা দাখিলে পর্যাপ্ত সাবধানতা অবলম্বন করা আবশ্যিক।
৩. প্রদর্শিত আয়ের স্বপক্ষে হিসাবের খাতাপত্র এবং তথ্য-প্রমাণ সংরক্ষণ করা প্রয়োজন।
৪. জরিমানা পরিহারের জন্য বিধিবদ্ধ সময়সীমার মধ্যে তথ্য-প্রমাণসহ আয়কর রিটার্ন দাখিল করা বাঞ্ছনীয়।
৫. সম্ভাব্য সরল সুদ পরিহারকল্পে যথাসময়ে অগ্রিম করের কিস্তি পরিশোধ করা আবশ্যিক।
৬. উৎসে কর কর্তনকারী সকল কর্তৃপক্ষের জন্য কর্তনকৃত/সংগৃহীত কর বিধি সম্মত সময়সীমার মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানপূর্বক কর বিভাগে তথ্য প্রেরণ করা আবশ্যিক।
৭. কর নির্ধারণী আদেশের বিষয়ে কোন আপত্তি থাকলে আদেশ প্রাপ্তির ৪৫ দিনের মধ্যে আপীল দায়ের এবং আপীল আদেশ প্রাপ্তির ৬০ দিনের মধ্যে ট্রাইব্যুনালে আবেদন দাখিল করতে হবে।
৮. কর অফিসের নোটিশ বা পত্র পেলে অবহেলা না করে তার জবাব প্রদান করা বাঞ্ছনীয়।

বিশেষ সেবা

- কর তথ্য বা সেবা কেন্দ্রের মাধ্যমে আয়কর বিষয়ক তথ্য, পরামর্শ ও সেবা।
- আয়কর রিটার্ন, পরিপত্র ও নির্দেশিকা ওয়েবসাইট থেকে ডাউনলোডের সুবিধা।

e-Tin প্রাপ্তির নিয়ম

জাতীয় রাজস্ব বোর্ড পুরাতন TIN এর পরিবর্তে নতুন ই-টিআইএন (e-TIN) রেজিস্ট্রেশন পদ্ধতি প্রবর্তন করেছে। নব প্রবর্তিত এ পদ্ধতিতে কয়েকটি সহজ ধাপ পেরোনোর মাধ্যমে আপনি পেতে পারেন আপনার টিআইএন। বর্তমানে যাদের টিআইএন আছে, তাঁদেরকেও নতুন পদ্ধতির টিআইএন এর জন্য রি-রেজিস্ট্রেশন করতে হবে।

নতুন পদ্ধতিতে টিআইএন রেজিস্ট্রেশন ও রি-রেজিস্ট্রেশনের শুরুতে প্রত্যেককে অবশ্যই একাউন্ট তৈরি করতে হবে। একাউন্ট তৈরীর নিয়ম

- www.incometax.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন।
- হোমপেজের **Register** বাটনে ক্লিক করলে 'রেজিস্ট্রেশন' ফরম ওপেন হবে। ফরমের নির্ধারিত শূন্যস্থানগুলো পূরণ শেষে **Register** বাটন ক্লিক করুন।
- ফরমে প্রদানকৃত আপনার মুঠোফোন নম্বরে তাৎক্ষণিকভাবে একটি কোড পৌছে যাবে। পর্দায় প্রদর্শিত ডায়ালগ বক্সে মুঠোফোনে প্রেরণকৃত কোডটি প্রদান করুন। এবার **Active** বাটনে ক্লিক করলেই পর্দায় দেখতে পাবেন "Welcome To Taxpayer's Identification Number (TIN) Registration/Re-registration"
- **TIN Application** মেনুতে ক্লিক করুন। এবার **Registration/Re-registration** ফরমে প্রদর্শিত শূন্যস্থানগুলো পূরণ করে **Go to Next** চাপুন (নতুন করদাতাদের **Registration** বাটনে এবং পুরাতন করদাতাগণ যাদের **TIN** নম্বর আছে তাদের **Re-registration** বাটনে ক্লিক করতে হবে)।
- **Basic Information** ফরমে প্রয়োজনীয় তথ্য দিয়ে শূন্যস্থানগুলো পূরণ করুন এবং **Go to Next** বাটনে ক্লিক করুন।
- প্রাপ্ত বয়স্ক ও অপ্রাপ্ত বয়স্ক বাংলাদেশী নাগরিকের (যাদের জাতীয় পরিচিতি নম্বর নেই) টিআইএন রেজিস্ট্রেশনের ক্ষেত্রে এ পর্যায়ে এসে ডিজিটাল ফরম্যাটে সদ্য তোলা এক কপি পাসপোর্ট সাইজ ছবি আপলোড করতে হবে।
- **Final Preview** তে ফরমে প্রদর্শিত আপনার দেয়া তথ্যগুলো সঠিক আছে কি না, তা শেষবারের মতো যাচাই করুন। সবকিছু ঠিক থাকলে, **Final Preview** এর একেবারে নীচে চেক বক্সে টিক চিহ্ন দিন।
- এরপর **Submit Application** বাটনে ক্লিক করলেই রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশনকারী নতুন ১২ ডিজিটের টিআইএন পাবেন। তবে প্রাপ্তবয়স্ক ও অপ্রাপ্তবয়স্ক আবেদনকারী যার জাতীয় পরিচিতি নম্বর নেই এবং যিনি পাসপোর্টের মাধ্যমে রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশন করতে চান, তিনি একটি **Ticket** পাবেন। **Ticket** প্রিন্ট করে তাতে উল্লিখিত নিয়ম অনুসরণ করে টিকেটে উল্লেখিত আয়কর কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

অনলাইনে টিআইএন রেজিস্ট্রেশন এবং রি-রেজিস্ট্রেশনের জন্য যা প্রয়োজন

করদাতার ধরণ	প্রয়োজনীয় তথ্যাবলী
প্রাপ্ত বয়স্ক বাংলাদেশী নাগরিক:	জাতীয় পরিচিতি নম্বর/পাসপোর্ট নম্বর, পূর্বের (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
অপ্রাপ্ত বয়স্ক বাংলাদেশী নাগরিক:	অভিভাবকের ১২ ডিজিটের টিআইএন (নতুন পদ্ধতি অনুযায়ী রেজিস্ট্রেশনকৃত), সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
প্রাপ্ত বয়স্ক বিদেশী নাগরিক:	পাসপোর্ট নম্বর, ভিসা নম্বর, ডিজিটাল ফরম্যাটে সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
অপ্রাপ্ত বয়স্ক বিদেশী নাগরিক:	নিজের এবং অভিভাবকের পাসপোর্ট নম্বর, ভিসা নম্বর, ডিজিটাল ফরম্যাটে সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
লিমিটেড কোম্পানী:	কোম্পানীর ইনকর্পোরেশন নম্বর, তারিখ পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
রেজিস্টার্ড ফার্ম:	রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস (RJSC) এর রেজিস্ট্রেশন নম্বর, রেজিস্ট্রেশন তারিখ , অংশীদারদের ১২ ডিজিটের টিআইএন (নতুন অনুযায়ী রেজিস্ট্রেশনকৃত), পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
আন-রেজিস্টার্ড ফার্ম:	অংশীদারদের ১২ ডিজিটের টিআইএন (নতুন পদ্ধতি অনুযায়ী রেজিস্ট্রেশনকৃত), পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
ব্যক্তিসংঘ , অবিভক্ত হিন্দু পরিবার:	ক্ষমতাবান ব্যক্তির ১২ ডিজিটের টিআইএন (নতুন অনুযায়ী রেজিস্ট্রেশনকৃত), পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে)
স্থানীয় কর্তৃপক্ষ, আইনদ্বারা কৃত্রিম ব্যক্তিসত্তা, কো-অপারেটিভ সোসাইটি এবং ধারা ২(৩১) অনুযায়ী গঠিত অন্যান্য কোম্পানি:	করদাতার প্রতিষ্ঠানের নাম , ঠিকানা ফ্যাক্স নম্বর ও মেইল আইডি (রেজিস্ট্রেশন ক্ষেত্রে), পূর্বের টিআইএন (রি-রেজিস্ট্রেশনের ক্ষেত্রে) নতুন পদ্ধতিতে ই-টিআইএন রেজিস্ট্রেশন ও রি রেজিস্ট্রেশনের শুরুতে প্রত্যেককে অবশ্যই একাউন্ট তৈরি করতে হবে।

কর অঞ্চল-১৫, ঢাকার উৎসে কর কর্তন অধিক্ষেত্র

১। আয়কর আইন, ২০২৩ এর ধারা ২(৩১) অনুযায়ী সংজ্ঞায়িত কোন কোম্পানি, বা কোন সমবায় সমিতি বা এনজিও কর্তৃক উৎসে কর্তিত বা সংগৃহীত কর, অনুচ্ছেদ (২) ব্যতীত অন্যান্য ক্ষেত্রে, তাদের কর নির্ধারণ (Assessment) যে কর অঞ্চল/ইউনিট এর অধিক্ষেত্রাধীন সে কর অঞ্চল/ইউনিট এর অনুকূলে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

২। তবে, কোন ব্যাংক (বাংলাদেশ ব্যাংক ব্যতীত) বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান ও সরকারের কোন কর্তৃপক্ষ বা স্থানীয় সরকার বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত ক্ষেত্রে উৎসে কর্তিত বা সংগৃহীত কর সারণী অনুযায়ী কর অঞ্চল-১৫, ঢাকা এর অনুকূলে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

ক্রম	খাতসমূহ	উৎস কর কর্তন/ আদায়ের স্থান বা এলাকা	যার অনুকূলে জমা প্রদান করতে হবে
১.	আন্তর্জাতিক ফোন কল বাবদ প্রাপ্তি (ধারা ১০৮)	সমগ্র বাংলাদেশ	কর অঞ্চল-১৫, ঢাকা
২.	সিএন্ডএফ কমিশন (ধারা ১২২)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৫, ঢাকা
৩.	অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণ (ধারা ১১১)	ঢাকা জেলা	কর অঞ্চল-১৫, ঢাকা

কোম্পানীর উপর কর্তিত/সংগৃহীত হলে : ১-১১৪১-০১১০-০১০১

কোম্পানী ব্যতীত অন্য কোন ব্যক্তি বা ফার্ম করদাতা হলে : ১-১১৪১-০১১০-০১১১

এ সম্পর্কে যে কোন তথ্যের জন্য নিম্নোক্ত টেলিফোন নম্বরসমূহে যোগাযোগ করা যেতে পারে

৯৩৬২৬৫৪, ৮৩৩১৭০৩, ৮৩৩১৬৭৮

অধিকতর তথ্যের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট

www.nbr.gov.bd ও কর অঞ্চল-১৫, ঢাকার ওয়েবসাইট


www.taxeszone15.dhaka.gov.bd ব্রাউজ করুন।

কর অঞ্চল-১৫, ঢাকা এর সেবা প্রদানকারী অফিসসমূহের তত্ত্বাবধানকারী কর্তৃপক্ষ

পরিদর্শী রেঞ্জ অফিস	সার্কেল অফিস	টেলিফোন নম্বর
অতিরিক্ত কর কমিশনার	সার্কেল-৩০৯ (কোম্পানীজ)	৮৩৩১৬৬১

পরিদর্শী রেঞ্জ-১ রিজ আহমেদ স্কয়ার (৯ম তলা) ৫০/১ ভি.আই.পি রোড নয়াপল্টন, ঢাকা। ফোন – ২২২২২২৬১২	সার্কেল-৩১০ (কোম্পানীজ)	৪৮৩১৮২৭৪
	সার্কেল-৩১১ (কোম্পানীজ)	৪৮৩১৮৫৭৩
	সার্কেল ৩১২ (বৈতনিক)	৯৩৩৮৯৪৩
	সার্কেল ৩১৩	৪৮৩১৬১৪২
	সার্কেল ৩১৪	৯৩৫৯৮৬২
অতিরিক্ত কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-২ রিজ আহমেদ স্কয়ার (৯ম তলা) ৫০/১ ভি.আই.পি রোড নয়াপল্টন, ঢাকা। ফোন – ২২২২২২৬৫৪	সার্কেল-৩১৫ (কোম্পানীজ)	৪৮৩২১৩৯৫
	সার্কেল ৩১৬ (কোম্পানীজ)	৯৩৩৭৯৬৮
	সার্কেল ৩১৭	৪৮৩১৮৭৯৯
	সার্কেল-৩১৮ (বৈতনিক)	৪৮৩২১৫৮৫
	সার্কেল ৩১৯	৯৩৩৮৩৪৮
যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-৩ রিজ আহমেদ স্কয়ার (৯ম তলা) ৫০/১ ভি.আই.পি রোড নয়াপল্টন, ঢাকা। ফোন – ৪৮৩১৭৯০৩	সার্কেল ৩২০	৪৮৩২২৪০৬
	সার্কেল ৩২১ (কোম্পানীজ)	৪৮৩১৮৭৯৬
	সার্কেল ৩২২ (বৈতনিক)	৪৮৩১৬২৮০
	সার্কেল ৩২৩	৮৩১৬৩০৫
	সার্কেল ৩২৪	৪৮৩১৮৭৯৭
যুগ্ম কর কমিশনার পরিদর্শী রেঞ্জ-৪ রিজ আহমেদ স্কয়ার (৯ম তলা) ৫০/১ ভি.আই.পি রোড নয়াপল্টন, ঢাকা। ফোন – ৪৮৩১৭৮৭১	সার্কেল ৩২৫	৪৮৩১৮৮৬০
	সার্কেল ৩২৬	৪৮৩১২০৩৮
	সার্কেল ৩২৭ (বৈতনিক)	৪৯৩৫৭৫২৬
	সার্কেল ৩২৮	৯৩৩৮৭৭৪
	সার্কেল ৩২৯	৪৮৩১৮৪২৯
	সার্কেল ৩৩০ (বৈতনিক)	৪৯৩৫৭৬৬৪

কর অঞ্চল-১৫, ঢাকার লোকেশন ম্যাপ



কর অঞ্চল-১৫, ঢাকা এর আওতায় ২২টি উপ কর কমিশনারের কার্যালয় (সার্কেল অফিস) আয়কর নির্ধারণ ও কর আদায় কাজে নিয়োজিত। সার্কেল অফিসের কার্যক্রম তদারক করে থাকে অতিরিক্ত/যুগ্ম কর কমিশনারের পরিচালনায় ৪টি রেঞ্জ অফিস। কর কমিশনারের কার্যালয় এসকল কার্যালয়ের কার্যক্রম নিয়ন্ত্রণ করে থাকে। সম্মানিত করদাতাগণের সুবিধার্থে এই কর অঞ্চলের বিভিন্ন কার্যালয়ের কার্যক্রম এবং করদাতাগণের অধিকার ও দায়িত্ব সম্পর্কিত তথ্যাবলী নিম্নে প্রকাশ করা হলঃ

ক্রমিক নং	সেবার প্রকৃতি	সেবা প্রদানকারী	সংশ্লিষ্ট বিধিবিধান	নির্ধারিত সময়সীমা
-----------	---------------	-----------------	---------------------	--------------------

১.	ই-টি আই এন রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশন	করদাতা নিজে অনলাইনে গ্রহণ করতে পারেন। সার্কেলে আবেদন করলে প্রদানের ব্যবস্থা করা হয়।	আয়কর আইন, ২০২৩ এর ধারা ২৬১ ও বিধি ৬৪বি	যথাসম্ভব দ্রুত প্রদান করা হবে।
২.	কর পরিশোধ প্রত্যয়নপত্র (Tax Clearance Certification) প্রদান	সংশ্লিষ্ট সার্কেলের উপ-কর কমিশনার	করদাতার নিকট দাবী না থাকা সাপেক্ষে	তিন কার্য দিবস
৩.	কর নির্ধারণ নিষ্পত্তি সংক্রান্ত সনদ		কর নির্ধারণ নিষ্পত্তি হওয়া সাপেক্ষে	দুই কার্য দিবস
৪.	কর নির্ধারণ আদেশ, সম্পদ বিবরণী বা প্রার্থিত ডকুমেন্টের সার্টিফাইড কপি প্রদান		প্রয়োজনীয় কোর্ট ফি ও কপিং ফি প্রদান পূর্বক আবেদন করতে হয়	সর্বোচ্চ পাঁচ কার্য দিবস
৫.	আয়কর রিটার্ন ও প্রাপ্তি স্বীকার পত্র		আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৬৬, ১৭২, ও ২১২ ও ১৮০(১)	তাৎক্ষণিকভাবে
৬.	কর নির্ধারণী আদেশ প্রণয়ন		আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৮৩(৭)	সর্বশেষ শুনানীর তারিখ হতে ৩০ দিনের মধ্যে
৭.	কর নির্ধারণী আদেশ, দাবীনামা সরবরাহ		আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৮৩(৭)	আদেশ স্বাক্ষরের পরবর্তী ৩০ দিনের মধ্যে
৮.	আপীল, ট্রাইব্যুনাল এবং হাইকোর্ট হতে প্রাপ্ত নির্দেশনা বাস্তবায়ন		আয়কর আইন, ২০২৩ এর ধারা ১৯৭(৩),(৪)	আদেশ প্রাপ্তির ৩০ দিনের মধ্যে, তবে Set-aside এর ক্ষেত্রে ৬০ দিনের মধ্যে
৯.	কর নির্ধারণী আদেশের ভুল সংশোধন		আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৩০	আবেদনের তারিখ হতে পরবর্তী অর্থবছরের মধ্যে সিদ্ধান্ত প্রদান
১০.	ফেরৎযোগ্য কর সমন্বয়		আয়কর আইন, ২০২৩ এর ধারা ২২৫	সময় নির্ধারিত নাই, তবে যথাসম্ভব দ্রুত প্রদান করা হবে
১১.	প্রভিডেন্ট ফান্ডের অনুমোদন		আয়কর আইন, ২০২৩ এর ২য় তফসিল (অংশ-০৩)	আবেদনের ৬০ কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান